

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৮ ১১

আগরতলা, ২১ জুলাই, ২০২৪

**পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক গুরু পূর্ণিমা উৎসব**

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আজ মুক্তধারা অডিটোরিয়ামে পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক গুরু পূর্ণিমা উৎসব উদযাপিত হয়। আগরতলার বিবেকনগর রমকৃষ্ণ মিশনের সচিব শুভকরানন্দ মহারাজ মঙ্গল প্রদীপ প্রজ্ঞালন করে গুরু পূর্ণিমা উৎসবের উদ্বোধন করেন। সকালে অনুষ্ঠানের শুরুতে তিনটি বিভাগে অঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। অঙ্কন প্রতিযোগিতার বিষয় ছিল যেমন খুশি আঁকো, সবুজায়ন/ স্বচ্ছ ভারত এবং গুরু পূর্ণিমা উৎসব উদযাপন। উৎসবের উদ্বোধন করে শুভকরানন্দ মহারাজ বলেন, গুরু হচ্ছে যিনি অঙ্ককার থেকে আলোর পথে আমাদের নিয়ে যান। গুরু নিষ্পত্তি ভাবনায় সকলের মধ্যে শিক্ষা ছড়িয়ে দেন। আমাদের জীবনের প্রথম গুরু হচ্ছে মা ও বাবা, যাদের সাহায্যে আমাদের প্রথম পথ চলা শুরু হয়।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের পশ্চিম ত্রিপুরা জেলা কার্যালয়ের সহ অধিকর্তা অমৃত দেববর্মা। অনুষ্ঠানে সঙ্গীতগুরু উপেন্দ্র শর্মা ও নৃত্যগুরু পরিমল দেববর্মাকে সংবর্ধনা দেওয়া হয়। উদ্বোধনী অনুষ্ঠানে অঙ্কন প্রতিযোগিতায় তিনটি বিভাগে শ্রেষ্ঠ পাঁচজনকে পুরস্কৃত করা হয়। তাছাড়াও গুরু পূর্ণিমা উৎসব উদযাপন উপলক্ষে বিভিন্ন সাংস্কৃতিক দলের শিল্পীগণ সঙ্গীত ও নৃত্য পরিবেশন করেন। অনুষ্ঠানে পশ্চিম জেলাভিত্তিক সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য দেবৱত বণিক, সুব্রত চক্রবর্তী ও রাজ্য সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য তরুবালা দেববর্মা প্রমুখ উপস্থিতি ছিলেন।

\*\*\*\*\*